রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শুক্রবার, আগস্ট ১৪, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ শ্রাবণ ১৪৩৩/১০ আগস্ট ২০২৬

নং **৪৫.০০.০০০০.১৮২.০৬.০০২.২১(অংশ-৩).২৭১**—ঔষধ ও কসমেটিক্স আইন, ২০২৩ এর **১২** ধারা অনুযায়ী নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে 'ঔষধ নিয়ন্ত্রণ কমিটির অধীন টেকনিক্যাল সাব কমিটি ফর ভেটেরিনারি মেডিসিন' পুনর্গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী | সভাপতি |
| ২। | যুগ্মসচিব, ঔষধ প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৩। | প্রতিনিধি (উপসচিবের নিচে নয়), প্রাণিসম্পদ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৪। | বিশেষজ্ঞ প্রতিনিধি (পরিচালক এর নিচে নয়), প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য |
| ৫। | অধ্যাপক/সহযোগী অধ্যাপক, ফার্মাসিউটিক্যাল টেকনোলজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৬। | অধ্যাপক/সহযোগী অধ্যাপক, ফার্মাকোলজি বিভাগ, ভেটেরিনারি সায়েন্স অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |


**মূল্য :** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ৭। | অধ্যাপক/সহযোগী অধ্যাপক, মেডিসিন এন্ড পাবলিক হেলথ বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরে-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৮। | পরিচালক, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী | সদস্য |
| ৯। | প্রতিনিধি, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড | সদস্য |
| ১০। | পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী | সদস্য-সচিব |

**পর্যবেক্ষক :**

১। প্রতিনিধি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, ঢাকা।

২। প্রতিনিধি, এনিমেল হেলথ কোম্পানিজ এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা।

**১। কমিটির কার্যপরিধি :**

ক) নতুন ঔষধ (New Drug) এবং প্রচলিত ঔষধের নতুন আকার (New Dosage Form) ও মাত্রায় (New Strength) ঔষধ সমূহের রেজিস্ট্রেশন সম্পর্কে মতামত প্রদান;

খ) সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গঠিত ঔষধ নিয়ন্ত্রণ কমিটিকে সার্বিক টেকনিক্যাল বিষয়ে সহায়তা প্রদান; এবং

গ) ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩ এর অধীনের প্রণীত বিধির আওতায় বিজ্ঞাপিত বিষয় সম্পর্কে সুপারিশ/মতামত প্রদান।

২। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের গত ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত নম্বর ৪৫.০০.০০০০.১৮২.০৬.০০২.২১(অংশ-১).৪৭ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাফিকুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd